ফ্লাই এ্যাশ (ছাই) মুক্ত
রয়েল সিমেন্ট
ফাটল ও নোনা রোধী
যোগাযোগ : কবির মঞ্জিল, শেখ মুজিব রোড, আগ্রাবাদ, চট্টগ্রাম। ০১৭০৮-১৩৪৭৯৮

দৈনিক
# আজাদী
স্বাধীন বাংলাদেশের প্রথম সংবাদপত্র
প্রতিষ্ঠাতা : আলহাজ্ব মোহাম্মদ আবদুল খালেক

A গ্রেড ক্লিংকার
শুধুমাত্র কনফিডেন্স সিমেন্টই ব্যবহার করছে
কনফিডেন্সসিমেন্ট | আস্থা রাখুন
01755-550035, 01755-550036

রোববার | ৫ মার্চ ২০২৩ | www.edainikazadi.net রেজি. নং-চ-৫৪ | ৬৩তম বর্ষ ১৭৯ সংখ্যা | ২০ ফাল্গুন ১৪২৯ সাল | ১২ শাবান ১৪৪৪ হিজরি | ৮ পৃষ্ঠা | ৭ টাকা



*প্রিমিয়ার ইউনিভার্সিটিতে দশম পিইউডিএস জাতীয় বিতর্ক উৎসবের সমাপনীতে উপাচার্য ড. অনুপম সেন ও অন্যরা*

### পিইউডিএস জাতীয় বিতর্ক উৎসবের সমাপনীতে ড. অনুপম সেন

# যুক্তিই হলো বিতর্কের ভিত্তি

প্রিমিয়ার ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটির (পিইউডিএস) উদ্যোগে দশম পিইউডিএস জাতীয় বিতর্ক উৎসব অনুষ্ঠিত হয়েছে। উৎসবে আন্তঃবিশ্ববিদ্যালয় বিতর্ক প্রতিযোগিতায় ৩২টি বিশ্ববিদ্যালয়, আন্তঃকলেজ বিতর্ক প্রতিযোগিতায় ২৪টি কলেজ ও আন্তঃস্কুল বিতর্ক প্রতিযোগিতায় ৩২টি স্কুল অংশগ্রহণ করে।

গতকাল শনিবার সকাল থেকে দিনব্যাপী প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে বিতর্ক উৎসবের চূড়ান্ত পর্ব এবং পুরস্কার বিতরণ ও সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। চূড়ান্ত পর্বে আন্তঃবিশ্ববিদ্যালয় বিতর্ক প্রতিযোগিতায় বাংলাদেশ ইউনিভার্সিটি অব টেক্সটাইল চ্যাম্পিয়ন এবং চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় রানার আপ হয়। আন্তঃকলেজ বিতর্ক প্রতিযোগিতায় ঢাকা কমার্স কলেজ চ্যাম্পিয়ন এবং চট্টগ্রাম ক্যান্টনমেন্ট পাবলিক কলেজ রানার আপ হয়। আন্তঃস্কুল বিতর্ক প্রতিযোগিতায় বাংলাদেশ নৌ-বাহিনী স্কুল চ্যাম্পিয়ন এবং বাংলাদেশ মহিলা সমিতি বালিকা উচ্চ বিদ্যালয় রানার আপ হয়। পুরস্কার বিতরণ ও সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। বিশেষ অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটি বোর্ড অব ট্রাস্টিজের সদস্য বোরহানুল হাসান চৌধুরী, ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক, কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম ও রেজিস্ট্রার খুরশিদুর রহমান। পিইউডিএস-এর চিফ মডারেটর জুলিয়া পারভিনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি প্রফেসর ড. অনুপম সেন বলেন, যুক্তিই হলো বিতর্কের ভিত্তি। পিইউডিএস একটি অসাধারণ কাজ করে যাচ্ছে। কারণ, একটি বিশ্ববিদ্যালয় কেবলমাত্র পড়াশুনা নিয়েই থাকে না। বিশ্ববিদ্যালয়ের অনেক কাজ। মডারেটর সাইফুদ্দিন মুন্নার সঞ্চালনায় অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন পিইউডিএস-এর সভাপতি ফজলে রাব্বি। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রফেসর এম. মঈনুল হক, ইফতেখার মনির, টুটন চন্দ্র মল্লিক, তানজিনা আলম চৌধুরী, সাদাত জামান খান, আহমদ রাজীব চৌধুরী, সঞ্জয় বিশ্বাস, হিল্লোল সাহা, নিলুফার সুলতানা, মিনহাজ হোসেন, ফারিয়া হোসেন বর্ষা, তানিয়াহ্ মাহমুদা তিন্নি, মো. জোনায়েদ ও সাধারণ মেহেদী রহমান নিকাশ।

Ref: Daily Azadi, Date: 05 March 2023, Page: 3, Col: 7
https://edainikazadi.net/index.php?page=1&date=2023-03-5

গ্রেড A ক্লিংকার
শুধুমাত্র কনফিডেন্স সিমেন্টই ব্যবহার করছে
কনফিডেন্সসিমেন্ট | আস্থা রাখুন
01755-550035, 01755-550036

চট্টগ্রাম রবিবার ৫ মার্চ ২০২৩

# দৈনিক পূর্বকোণ

মুজিববর্ষে দেশসেরা আঞ্চলিকের স্বীকৃতিপ্রাপ্ত

রেজিঃ নম্বর-চ-৮৯।। ৩৮তম বর্ষ ২৩তম সংখ্যা।। ২০ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ।। ১২ শাবান ১৪৪৪ হিজরি।। Sunday 5 March 2023।। ৮ পৃষ্ঠার মূল্য ৭ টাকা

www.dainikpurbokone.net www.edainikpurbokone.net /DailyPurbokone /DailyPurbokone

দৈনিক পূর্বকোণ
ব্রেকিং নিউজ
পেতে যে কোন
রবি/এয়ারটেল
নাম্বার থেকে
ডায়াল করুন
*213*3368#
*২.৬৭ টাকা চার্জ প্রযোজ্য



*প্রিমিয়ার ইউনিভার্সিটিতে দশম পিইউডিএস জাতীয় বিতর্ক উৎসবের সমাপনীতে উপাচার্য ড. অনুপম সেন ও অন্যরা*

## যুক্তিই হলো বিতর্কের ভিত্তি : ড.অনুপম সেন

### প্রিমিয়ার ইউনিভার্সিটিতে দশম পিইউডিএস জাতীয় বিতর্ক উৎসবের সমাপনী

প্রিমিয়ার ইউনিভার্সিটিতে প্রিমিয়ার ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটি (পিইউডিএস)-এর উদ্যোগে দশম পিইউডিএস জাতীয় বিতর্ক উৎসবে প্রধান অতিথির বক্তব্যে ভিসি ড. অনুপম সেন বলেন, যুক্তিই হলো বিতর্কের ভিত্তি।এ উৎসবে আন্তঃবিশ্ববিদ্যালয় বিতর্ক প্রতিযোগিতায় ৩২টি বিশ্ববিদ্যালয়, আন্তঃকলেজ বিতর্ক প্রতিযোগিতায় ২৪টি কলেজ ও আন্তঃস্কুল বিতর্ক প্রতিযোগিতায় ৩২টি স্কুল অংশগ্রহণ করে। গতকাল শনিবার দিনব্যাপী প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে বিতর্ক উৎসবের চূড়ান্ত পর্ব এবং পুরস্কার বিতরণ ও সমাপনী অনুষ্ঠিত হয়। চূড়ান্ত পর্বে আন্তঃবিশ্ববিদ্যালয় বিতর্ক প্রতিযোগিতায় বাংলাদেশ ইউনিভার্সিটি অব টেক্সটাইল চ্যাম্পিয়ন এবং চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় রানার আপ হয়। আন্তঃকলেজ বিতর্ক প্রতিযোগিতায় ঢাকা কমার্স কলেজ চ্যাম্পিয়ন এবং চট্টগ্রাম ক্যান্টনমেন্ট পাবলিক কলেজ রানার আপ হয়। আন্তঃস্কুল বিতর্ক প্রতিযোগিতায় বাংলাদেশ নৌ-বাহিনী স্কুল চ্যাম্পিয়ন এবং বাংলাদেশ মহিলা সমিতি বালিকা উচ্চ বিদ্যালয় রানার আপ হয়। পুরস্কার বিতরণ ও সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রিমিয়ার ইউ-নিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। বিশেষ অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটি বোর্ড অব ট্রাস্টিজের সদস্য বোরহানুল হাসান চৌধুরী, ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক, কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম ও রেজিস্ট্রার খুরশিদুর রহমান।

পিইউডিএস-এর চিফ মডারেটর জু-লিয়া পারভিনের সভাপতিত্বে মডারেটর সাইফুদ্দিন মুন্নার সঞ্চালনায় অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন পিইউ-ডিএস-এর সভাপতি ফজলে রাব্বি। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ব্যবসা-শিক্ষা অনুষদের সহকারী ডিন প্রফেসর এম. মঈনুল হক, গণিত বিভাগের চেয়ারম্যান ইফতেখার মনির, তড়িৎ প্রকৌশল বিভাগের চেয়ারম্যান টুটন চন্দ্র মল্লিক, আইন বিভাগের চেয়ারম্যান তানজিনা আলম চৌধুরী, ইংরেজি বিভাগের চেয়ারম্যান সাদাত জামান খান, প্রক্টর আহমদ রাজীব চৌধুরী, মডারেটর সঞ্জয় বিশ্বাস, হিল্লোল সাহা, নিলুফার সুলতানা, মিনহাজ হোসেন প্রমুখ। -বিজ্ঞপ্তি।

Ref: Daily Purbokone, Date: 05 March 2023, Page: 3, Col: 5
https://www.edainikpurbokone.net/index.php?page=1&date=2023-03-5

রবিবার
চট্টগ্রাম
৫ মার্চ ২০২৩
২০ ফাল্গুন ১৪২৯
১২ শাবান ১৪৪৪
বর্ষ-১১, সংখ্যা-৮২

দৈনিক পূর্বদেশ
Dainik Purbodesh

পার্কভিউ হসপিটাল লিমিটেড
৯৪/১০৩, কাতালগঞ্জ রোড, পাঁচলাইশ, চট্টগ্রাম
24/7 চালু টেলিফোন ও মোবাইল নাম্বার সমূহ
টিএনটি ফোন নাম্বার 02-334455071-6 02-334451901-6
মোবাইল নাম্বার 01976-022111 01976-022333
info@phlctg.com /parkviewhospitalctg parkview.com.bd

www.dailypurbodesh.com প্রতিষ্ঠাতা : আলহাজ মাস্টার নজির আহমদ ৮ পৃষ্ঠা | ৭ টাকা

# যুক্তিই হলো বিতর্কের ভিত্তি : অনুপম সেন

প্রিমিয়ার ইউনিভার্সিটিতে প্রিমিয়ার ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটি (পিইউডিএস) এর উদ্যোগে দশম পিইউডিএস জাতীয় বিতর্ক উৎসব অনুষ্ঠিত হয়েছে। এই উৎসবে আন্তঃবিশ্ববিদ্যালয় বিতর্ক প্রতিযোগিতায় ৩২টি বিশ্ববিদ্যালয়, আন্তঃকলেজ বিতর্ক প্রতিযোগিতায় ২৪টি কলেজ ও আন্তঃস্কুল বিতর্ক প্রতিযোগিতায় ৩২টি স্কুল অংশগ্রহণ করে। ৪ মার্চ সকাল থেকে দিনব্যাপী প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে বিতর্ক উৎসবের চূড়ান্ত পর্ব এবং পুরস্কার বিতরণ ও সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। চূড়ান্ত পর্বে আন্তঃবিশ্ববিদ্যালয় বিতর্ক প্রতিযোগিতায় বাংলাদেশ ইউনিভার্সিটি অব টেক্সটাইল চ্যাম্পিয়ন এবং চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় রানার আপ হয়। আন্তঃকলেজ বিতর্ক প্রতিযোগিতায় ঢাকা কমার্স কলেজ চ্যাম্পিয়ন এবং চট্টগ্রাম ক্যান্টনমেন্ট পাবলিক কলেজ রানার আপ হয়। আন্তঃস্কুল বিতর্ক প্রতিযোগিতায় বাংলাদেশ নৌ-বাহিনী স্কুল চ্যাম্পিয়ন এবং বাংলাদেশ মহিলা সমিতি বালিকা উচ্চ বিদ্যালয় রানার আপ হয়। পুরস্কার বিতরণ ও সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। বিশেষ অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটি বোর্ড অব ট্রাস্টিজের সদস্য বোরহানুল হাসান চৌধুরী, ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক, কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম ও রেজিস্ট্রার খুরশিদুর রহমান।



প্রিমিয়ার ইউনিভার্সিটিতে বিতর্ক উৎসবের সমাপনীতে উপাচার্য ড. অনুপম সেন ও অন্যরা

পিইউডিএস এর চিফ মডারেটর জুলিয়া পারভিনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি প্রফেসর ড. অনুপম সেন বলেন, পিইউডিএস একটি অসাধারণ কাজ করে যাচ্ছে। কারণ, একটি বিশ্ববিদ্যালয় কেবলমাত্র পড়াশুনা নিয়েই থাকে না। বিশ্ববিদ্যালয়ের অনেক কাজ। বিশ্ববিদ্যার যেখানে উপস্থিতি থাকে, তাকেই বিশ্ববিদ্যালয় বলা হয়। তর্ক থেকে আরম্ভ করে সংস্কৃতিচর্চা, জ্ঞান সৃষ্টি, জ্ঞান বিতরণসহ নানাকিছু একটি বিশ্ববিদ্যালয় করে থাকে। সেখানে তর্ক একটি বড়ো ভূমিকা নেয়, যা হলো যুক্তির ব্যবহার। তর্কে যুক্তির পাশাপাশি আবেগেরও ব্যবহার রয়েছে। আমরা যখন তর্ক করি, তখন তাতে যুক্তির সঙ্গে আবেগের ব্যবহার লক্ষ্য করা যায়। যুক্তিই হলো বিতর্কের ভিত্তি।

মডারেটর সাইফুদ্দিন মুন্নার সঞ্চালনায় অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন পিইউডিএস-এর সভাপতি ফজলে রাব্বি। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ব্যবসা-শিক্ষা অনুষদের সহকারী ডিন প্রফেসর এম. মঈনুল হক, গণিত বিভাগের চেয়ারম্যান ইফতেখার মনির, তড়িৎ প্রকৌশল বিভাগের চেয়ারম্যান টুটন চন্দ্র মল্লিক, আইন বিভাগের চেয়ারম্যান তানজিনা আলম চৌধুরী, ইংরেজি বিভাগের চেয়ারম্যান সাদাত জামান খান, প্রক্টর আহমদ রাজীব চৌধুরী, মডারেটর সঞ্জয় বিশ্বাস, হিল্লোল সাহা, নিলুফার সুলতানা, মিনহাজ হোসেন, ফারিয়া হোসেন বর্ষা, তানিয়াহ্ মাহমুদা তিন্নি, পিইউডিএস-এর সহ-সভাপতি মো. জোনায়েদ ও সাধারণ সম্পাদক মেহেদী রহমান নিকাশ। বিজ্ঞপ্তি

Ref: Daily Purbodesh, Date: 05 March 2023, Page: 2, Col: 1
https://epurbodesh.com/edition/458/০৫-মার্চ-২০২৩/page/2

চট্টগ্রাম • রোববার • ৫ মার্চ ২০২৩ • ২০ ফাল্গুন ১৪২৯ • ১২ শাবান ১৪৪৪ | ৮ পৃষ্ঠা • মূল্য ৭ টাকা | চট্টগ্রাম • রেজি. নম্বর ৪৫০ • বর্ষ ১৯ সংখ্যা ১৯৭

রূপান্তর নবযাত্রা ৩৩

প্রতিটি প্রভাত হোক সুপ্রভাত

# সুপ্রভাত

সুপ্রভাত বাংলাদেশ | SUPROBHAT BANGLADESH

suprobhat.com | esuprobhat.com | facebook.com/suprobhat

৩ ট্রিলিয়ন ডলার অর্থনীতির যাত্রা ত্বরান্বিত করার লক্ষ্য

৫ অর্থনীতিতে অ্যাপ ইন্ডাস্ট্রি অবদান রাখবে

৬ চট্টগ্রাম বিভাগের শ্রেষ্ঠত্ব অর্জন



**আমি এই চলচ্চিত্রে কাজ করে খুবই তৃপ্ত: মম**

ঢালিউডের জনপ্রিয় অভিনেত্রী জাকিয়া বারী মম। ছোট পর্দা থেকে মাঝেমধ্যে উঁকি দেন বড় পর্দায়।

বিস্তারিত ▶ পৃষ্ঠা ৬



প্রিমিয়ার ইউনিভার্সিটিতে দশম পিইউডিএস জাতীয় বিতর্ক উৎসবের সমাপনীতে উপাচার্য ড. অনুপম সেন ও অন্যরা

## জাতীয় বিতর্ক উৎসবের সমাপনী দিনে ড. অনুপম সেন

# যুক্তিই বিতর্কের ভিত্তি

প্রিমিয়ার ইউনিভার্সিটিতে প্রিমিয়ার ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটি (পিইউডিএস)-এর উদ্যোগে দশম পিইউডিএস জাতীয় বিতর্ক উৎসব অনুষ্ঠিত হয়েছে। এই উৎসবে আন্তঃবিশ্ববিদ্যালয় বিতর্ক প্রতিযোগিতায় ৩২টি বিশ্ববিদ্যালয়, আন্তঃকলেজ বিতর্ক প্রতিযোগিতায় ২৪টি কলেজ ও আন্তঃস্কুল বিতর্ক প্রতিযোগিতায় ৩২টি স্কুল অংশগ্রহণ করে।

৪ মার্চ দিনব্যাপী প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়ার কেন্দ্রীয় অডিটোরিয়ামে বিতর্ক উৎসবের চূড়ান্ত পর্ব এবং পুরস্কার বিতরণ ও সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। চূড়ান্ত পর্বে আন্তঃবিশ্ববিদ্যালয় বিতর্ক প্রতিযোগিতায় বাংলাদেশ ইউনিভার্সিটি অব টেক্সটাইল চ্যাম্পিয়ন এবং চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় রানার আপ হয়। আন্তঃকলেজ বিতর্ক প্রতিযোগিতায় ঢাকা কমার্স কলেজ চ্যাম্পিয়ন এবং চট্টগ্রাম ক্যান্টনমেন্ট পাবলিক কলেজ রানার আপ হয়।

আন্তঃস্কুল বিতর্ক প্রতিযোগিতায় বাংলাদেশ নৌ-বাহিনী স্কুল চ্যাম্পিয়ন এবং বাংলাদেশ মহিলা সমিতি বালিকা উচ্চ বিদ্যালয় রানার আপ হয়। পুরস্কার বিতরণ ও সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন।

বিশেষ অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটি বোর্ড অব ট্রাস্টিজের সদস্য বোরহানুল হাসান চৌধুরী, ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক, কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম ও রেজিস্ট্রার খুরশিদুর রহমান। পিইউডিএসের চিফ মডারেটর জুলিয়া পারভিনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি প্রফেসর ড. অনুপম সেন বলেন, পিইউডিএস একটি অসাধারণ কাজ করে যাচ্ছে। কারণ, একটি বিশ্ববিদ্যালয় কেবলমাত্র পড়াশুনা নিয়েই থাকে না। বিশ্ববিদ্যালয়ের অনেক কাজ। বিশ্ববিদ্যার যেখানে উপস্থিতি থাকে, তাকেই বিশ্ববিদ্যালয় বলা হয়। তর্ক থেকে আরম্ভ করে সংস্কৃতিচর্চা, জ্ঞান সৃষ্টি, জ্ঞান বিতরণসহ নানাকিছু একটি বিশ্ববিদ্যালয় করে থাকে। সেখানে তর্ক একটি বড়ো ভূমিকা নেয়, যা হলো যুক্তির ব্যবহার।

তর্কে যুক্তির পাশাপাশি আবেগেরও ব্যবহার রয়েছে। আমরা যখন তর্ক করি, তখন তাতে যুক্তির সঙ্গে আবেগের ব্যবহার লক্ষ করা যায়। ড. অনুপম সেন বঙ্গবন্ধু প্রসঙ্গে বলেন, বঙ্গবন্ধুর জীবনের দিকে তাকালে আমরা দেখব, সেখানে যুক্তি যেমন কাজ করেছে, অসাধারণভাবে কাজ করেছে আবেগও। হাজার বছরের পরাধীন বাঙালিকে স্বাধীনতা ও এই দেশ দেওয়ার জন্য তিনি পাকিস্তানের প্রায় তেইশ বছরের শাসনামলে ভাষা আন্দোলন থেকে শুরু করে অনেক আন্দোলন-সংগ্রাম করেছেন, অক্লান্ত পরিশ্রম করেছেন, অবর্ণনীয় কারানির্যাতন ভোগ করেছেন। এসবের পেছনে তাঁর যুক্তি ও আবেগকে অস্বীকার করা যাবে না। বিজ্ঞপ্তি

Ref: Daily Suprobhat Bangladesh, Date: 05 March 2023, Page: 4, Col: 6
https://esuprobhat.com/index.php?page=1&date=2023-03-5